# বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮

( ২০১৮ সনের ৩৬ নং আইন )

**বরেন্দ্র এলাকার সার্বিক উন্নয়ন এবং তদ্‌সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ আনুষঙ্গিক অন্যান্য কার্য সম্পন্ন করিবার লক্ষ্যে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন**

যেহেতু বরেন্দ্র এলাকার সার্বিক উন্নয়ন এবং তদসংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ আনুষঙ্গিক অন্যান্য কার্য সম্পন্ন করিবার লক্ষ্যে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

১। (১) এই আইন বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা বরেন্দ্র এলাকার জন্য প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) "উপদেষ্টা পরিষদ" অর্থ ধারা ৮ এর অধীন গঠিত উপদেষ্টা পরিষদ;

(২) "কর্তৃপক্ষ" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ;

(৩) "চেয়ারম্যান" অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;

(৪) "নির্বাহী পরিচালক" অর্থ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক;

(৫) "পরিচালনা বোর্ড" অর্থ ধারা ১০ এর অধীন গঠিত পরিচালনা বোর্ড;

(৬) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৭) "বরেন্দ্র এলাকা" অর্থ রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা এবং ধারা ৫ এর অধীন ঘোষিত বরেন্দ্র এলাকা;

(৮) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

**কর্তৃপক্ষ প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হইবে।

(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং কর্তৃপক্ষ ইহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে ও উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**কর্তৃপক্ষর কার্যালয়**

৪। (১) কর্তৃপক্ষের প্রধান কার্যালয় রাজশাহীতে থাকিবে।

(২) কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বরেন্দ্র এলাকার যে কোনো স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**বরেন্দ্র এলাকা ঘোষণা**

৫। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোনো এলাকাকে বরেন্দ্র এলাকা হিসাবে ঘোষণা করিতে পারিবে।

**সাধারণ পরিচালনা ও প্রশাসন**

৬। কর্তৃপক্ষের সাধারণ পরিচালনা ও প্রশাসন পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং কর্তৃপক্ষ যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

**কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি**

৭। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(১) সেচ কার্যের উদ্দেশ্যে ভূপরিস্থ ও ভূগর্ভস্থ পানি সম্পদের উন্নয়ন এবং যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;

(২) কৃষি যান্ত্রিকীকরণ, বীজ উৎপাদন ও সরবরাহ এবং শস্যের বহুমুখীকরণ;

(৩) পরিবেশের ভারসাম্য রক্ষার্থে বৃক্ষ রোপণ ও সংরক্ষণ;

(৪) কৃষি পণ্য বাজারজাতকরণে সীমিত আকারে সংযোগ সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ;

(৫) সেচযন্ত্র স্থাপন এবং লোকালয়ে বিশুদ্ধ খাবার পানি সরবরাহকরণ;

(৬) সরকারের পূর্বানুমোদনক্রমে, চুক্তি সম্পাদন;

(৭) গবেষণা ও প্রশিক্ষণ প্রদান;

(৮) সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

**উপদেষ্টা পরিষদ গঠন ও উহার দায়িত্ব**

৮। (১) কর্তৃপক্ষের একটি উপদেষ্টা পরিষদ থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, যিনি উপদেষ্টা পরিষদের সভাপতিও হইবেন;

(খ) প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, যদি থাকেন, যিনি বা যাহারা উপদেষ্টা পরিষদের সহসভাপতিও হইবেন;

(গ) বরেন্দ্র এলাকাধীন সকল সংসদ-সদস্য;

(ঘ) সচিব, কৃষি মন্ত্রণালয়;

(ঙ) সচিব, অর্থ বিভাগ;

(চ) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়;

(ছ) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়;

(জ) সচিব, বিদ্যুৎ বিভাগ;

(ঝ) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;

(ঞ) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;

(ট) চেয়ারম্যান, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ;

(ঠ) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

(ড) বিভাগীয় কমিশনার, রাজশাহী;

(ঢ) বিভাগীয় কমিশনার, রংপুর;

(ণ) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর;

(ত) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া;

(থ) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;

(দ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ের একজন অধ্যাপক;

(ধ) নির্বাহী পরিচালক, যিনি উহার সদস্য সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ক) ও (খ) এ যাহা কিছুই থাকুক না কেন, মন্ত্রী না থাকিলে এবং প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী থাকিলে প্রতিমন্ত্রী সভাপতি ও উপ-মন্ত্রী সহসভাপতি হইবেন এবং মন্ত্রী ও প্রতিমন্ত্রী না থাকিলে উপ-মন্ত্রী সভাপতি হইবেন।

(৩) উপদেষ্টা পরিষদ কর্তৃপক্ষের কার্যক্রম পর্যালোচনা এবং পরিচালনা বোর্ডকে দিক নির্দেশনা ও উপদেশ প্রদান করিবে।

**উপদেষ্টা পরিষদের সভা**

৯। (১) উপদেষ্টা পরিষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) প্রতি বৎসর উপদেষ্টা পরিষদের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান উপদেষ্টা পরিষদের সভাপতি কর্তৃক নির্ধারিত হইবে।

**পরিচালনা বোর্ড**

১০। (১) কর্তৃপক্ষের একটি পরিচালনা বোর্ড থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) চেয়ারম্যান, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(গ) পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ঘ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ঙ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(চ) রাজশাহী ও রংপুর বিভাগের বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত রাজশাহী ও রংপুর বিভাগের একজন করিয়া জেলা প্রশাসক;

(ছ) রাজশাহী ও রংপুর রেঞ্জের উপমহাপরিদর্শক (ডিআইজি) কর্তৃক মনোনীত রাজশাহী ও রংপুর বিভাগের একজন করিয়া পুলিশ সুপার;

(জ) জ্যেষ্ঠতম প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ;

(ঝ) সরকার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ তিনজন প্রতিনিধি, যাহাদের মধ্যে একজন মহিলা হইবেন;

(ঞ) নির্বাহী পরিচালক, যিনি উহার সদস্য সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ঝ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইবে পরবর্তী ২ (দুই) বৎসর মেয়াদে সদস্য পদে অধিষ্ঠিত থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময়, কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং মনোনীত কোনো সদস্যও সরকারের উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।

**পরিচালনা বোর্ডের সভা**

১২। (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, পরিচালনা বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) প্রতি ৩ (তিন) মাসে পরিচালনা বোর্ডের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান সভাপতি কর্তৃক নির্ধারিত হইবে।